

“স্মার্ট ভবিষ্যত প্রজন্ম গড়ে তুলতে কিশোর-কিশোরীদের পুষ্টি”

বিতর্ক প্রতিযোগিতা নির্দেশিকা

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) হল একটি বৈশ্বিক আয়োজন যেখানে শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীরা বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও পুষ্টি সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিজ অভিজ্ঞতা, পুষ্টি সম্পর্কিত চিন্তাধারা ও চ্যালেঞ্জ প্রকাশ করার এবং কার্যকর সমাধান পাওয়ার সুযোগ পেতে পারে। ২০১৭ সাল থেকে বিড ফাউন্ডেশন বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে শিশু, কিশোর-কিশোরী ও তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ১৭- ১৮ এপ্রিল, ২০২৪ তারিখে ঢাকা, বাংলাদেশে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৪ অনুষ্ঠিত হবে। শিশু, কিশোর-কিশোরী এবং তরুণদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে। ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৪ এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হবে যেখানে বিতর্ক প্রতিযোগিতা সহ মোট ১৫ টি প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ রয়েছে। ৬ থেকে ২৪ বছর বয়সসীমার মধ্যে যে কেউ “বিতর্ক প্রতিযোগিতায়” অংশগ্রহণ করতে পারবে। ‘বিতর্ক প্রতিযোগিতায়’ অংশগ্রহণের নির্দেশিকা নীচে দেয়া হলঃ

বয়স গ্রুপঃ

গ্রুপ ক	গ্রুপ খ	গ্রুপ গ
৬-১০	১১-১৮	১৯-২৪

প্রতিপাদ্য বিষয় :

গ্রুপ কঃ “স্বাস্থ্যকর খাবার বনাম সুস্বাদু খাবার”

গ্রুপ খঃ “কিশোর-কিশোরীদের সম্পূর্ণ সম্ভাবনার উন্মোচনের জন্য স্কুল মিল বাধ্যতামূলক”

গ্রুপ গঃ “কিশোর-কিশোরীদের খাদ্যাভ্যাসকে প্রভাবিত করতে পরিবারের চেয়ে সামাজিক মিডিয়ার ভূমিকা বেশি শক্তিশালী”

যোগ্যতাঃ

- INO ২০২৪ রেজিস্ট্রেশন লিঙ্কের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে।
- বয়সসীমার মধ্যে যে কোনো প্রতিযোগী প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- অংশগ্রহণকারী (বা অভিভাবক) অথবা প্রতিষ্ঠানের ন্যূনতম তথ্য প্রযুক্তি সুবিধা থাকতে হবে (ফোন, ই-মেইল বা হোয়াটসঅ্যাপ এবং জুম অ্যাকাউন্ট)।

রেজিস্ট্রেশনঃ

প্রতিযোগীদের ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৪ এর ওয়েবসাইট থেকে রেজিস্ট্রেশন করতে হবে এবং রেজিস্ট্রেশনের সময় ‘বিতর্ক প্রতিযোগিতা’ নির্বাচন করতে হবে। রেজিস্ট্রেশন করতে ক্লিক করুনঃ www.nutritionolympiad.net।

রেজিস্ট্রেশনের শেষ সময়ঃ মার্চ ১৫, ২০২৪ (রাত ১১ টা, ঢাকা সময়)

বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দেশাবলীঃ

ভাষাঃ বাংলা বা ইংরেজি।

প্রাথমিক প্রতিযোগিতাঃ

- বিতর্ক প্রতিযোগিতা দুই ধাপে অনুষ্ঠিত হবে।
- বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য তিন সদস্যের একটি দল গঠন করতে হবে। গ্রুপের সদস্যদের একই বয়সের হতে হবে।
- প্রত্যেক বিতর্কিক নির্ধারিত সময়ের মধ্যে কথা বলবেন। যুক্তি খণ্ডন পর্বের জন্য দুই দলের দলনেতারা ২ মিনিট সময় পাবেন।
- একটি প্রতিষ্ঠান থেকে শুধুমাত্র একটি দল প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

অংশগ্রহণকারীরা অনলাইনে জুমের মাধ্যমে প্রতিযোগিতায় যোগদান করবেন (ইমেইলের মাধ্যমে একটি সময়সূচী জানিয়ে দেওয়া হবে)। একটি স্কুলে একাধিক দল আগ্রহী হলে স্কুল তাদের নিজ নিজ প্রতিষ্ঠানে স্বশরীরে প্রতিযোগিতার আয়োজন করবে। প্রতিটি স্কুল একটি গ্রুপ বেছে নিবে এবং ইমেইলের মাধ্যমে তাদের নাম জমা দিবে। প্রাতিষ্ঠানিকভাবে নির্বাচিত এবং স্বাধীন প্রতিযোগীরা জুমের মাধ্যমে প্রাথমিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

চূড়ান্ত প্রতিযোগিতাঃ

প্রতিটি বয়স গ্রুপ থেকে প্রাথমিক প্রতিযোগিতায় নির্বাচিত শীর্ষ ২ টি (মোট ৬ টি) দল INO ২০২৪ এর চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

সময়সূচীঃ

সময়	বিবরণ
১.৫ মিনিট	১ম বিতর্কিকের পরিচয় ও বক্তব্য
১.৫ মিনিট	২য় বিতর্কিকের পরিচয় ও বক্তব্য
১.৫ মিনিট	৩য় বিতর্কিকের পরিচয় ও বক্তব্য
১.০ মিনিট	যুক্তি খণ্ডন পর্বের জন্য প্রস্তুতি
২.০ মিনিট	দলের নেতার যুক্তি খণ্ডন

স্কোরঃ

ক্রম	ধরণ	নাম্বার
০১	উপস্থাপনা (উচ্চারণ এবং আঞ্চলিক টান)	১৫
০২	যুক্তি	২৫
০৩	তথ্য ও উপাত্তের ব্যবহার	২০
০৪	বিষয়বস্তু (প্রাসঙ্গিকতা)	২৫
০৫	সমসাময়িক এবং বাস্তবসম্মত প্রমাণ	১৫
মোট		১০০

বিশেষ দ্রষ্টব্যঃ

- যেকোন ধরনের অসৎ আচরণ করার চেষ্টাকে অযোগ্য বলে বিবেচনা করা হবে।
- বিচারকদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- চূড়ান্ত পর্বে প্রতিটি গ্রুপ থেকে শীর্ষ ৩ (তিন) প্রতিযোগীকে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৪ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ী ঘোষণা করা হবে।
- প্রাথমিক প্রতিযোগিতায় পুরো সময় ক্যামেরা চালু রাখতে হবে।
- প্রতিটি বয়স গ্রুপ থেকে সর্বোচ্চ স্কোরার গ্রুপকে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৪-এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ী ঘোষণা

করা হবে।

- চূড়ান্ত প্রতিযোগিতায় নির্বাচিত অংশগ্রহণকারীদের (ঢাকায়) প্রয়োজনীয় সামগ্রীর ব্যবস্থা তাদের নিজেদেরই করতে হতে পারে।

যোগাযোগঃ

বিতর্ক প্রতিযোগিতা সম্পর্কে আপনার যে কোন তথ্য বা প্রশ্নের জন্য যোগাযোগ করুনঃ +৮৮০১৭৮২৫১০০৮৯, +৮৮০২৮৭১৪১৬৯ অথবা ই-মেইল: ino@biid.org.bd

একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৫টি (পাঁচ) প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।